



# দুর্নীতি দমন কমিশন

## ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,  
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং- দুদক/প্রতিরোধ/সাধারণ/৬(অংশ-১)/২০১১/২২৮৯৮(১০৭)

তারিখ: ২৬/৭/২০১৭ খ্রি.

বিষয়: দুর্নীতিবিরোধী প্রোগ্রাম সম্বলিত খাতা, জ্যামিতি বাস্তব, স্কেল বিতরণ।

দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ১৭ ধারা অনুযায়ী দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার জন্য দুর্নীতি দমন কমিশন অব্যাহতভাবে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। দুর্নীতি দমন কমিশন প্রতিরোধ কার্যক্রমের অংশ হিসেবে ছাত্রছাত্রীদের ব্যবহার উপযোগী দুর্নীতি বিরোধী বাণী সম্বলিত খাতা, জ্যামিতি বাস্তব ও স্কেল দেশের প্রতিটি জেলায় বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে ইতোমধ্যে বিতরণ কার্যক্রম শুরু করেছে। দেশের তরুণ প্রজন্মের মধ্যে দুর্নীতি বিরোধী মনোভাব সৃষ্টি ও তাদের ব্যবহারিক জীবনে সার্বক্ষণিক সততা চর্চার শিক্ষা লাভ করাই শিক্ষা উপকরণ বিতরণের মূল উদ্দেশ্য।

০২। প্রতিটি জেলার একটি বালক ও একটি বালিকা বিদ্যালয়ের ৯ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের মধ্যে জ্যামিতি বাস্তব, ৭ম ও ৮ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের মধ্যে খাতা এবং ৬ষ্ঠ শ্রেণির ছাত্র-ছাত্রীদের মধ্যে স্কেল বিতরণের সিদ্ধান্ত কমিশন কর্তৃক গৃহীত হয়েছে। স্কুল নির্বাচন ও উপকরণগুলো সুষ্ঠুভাবে বিতরণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

১.	জেলা প্রশাসক	-	সভাপতি
২.	জেলা শিক্ষা অফিসার	-	সদস্য
৩.	সজেকার সংশ্লিষ্ট উপপরিচালক	-	সদস্য সচিব

### শর্তাবলী:

- গত বছরে প্রাপ্ত স্কুলসমূহ বাদ দিয়ে নতুন স্কুল নির্বাচন করতে হবে।
- যে স্কুল নির্বাচন করা হবে, সে স্কুলের কোন ছাত্রছাত্রীকে বাদ দেয়া যাবে না। অর্থাৎ সবাইকে দিতে হবে।
- জেলার প্রত্যন্ত অঞ্চলের লেখাপড়ায় সুনাম আছে এমন স্কুল নির্বাচন করতে হবে।
- ম্যানেজিং কমিটি সুনামের সাথে স্কুল পরিচালনা করছে এমন স্কুল বিবেচনায় নিতে হবে।
- পাবলিক পারসেপশন খুব ভাল এমন স্কুল নির্বাচন করতে হবে।
- স্কুল নির্বাচনের ক্ষেত্রে জেডার বিবেচনায় সহশিক্ষা বিদ্যমান স্কুলকে প্রাধান্য দিতে হবে অথবা গার্লস স্কুল নির্বাচন করা হলে বয়েজ স্কুলকেও নির্বাচন করতে হবে।

০৩। এমতাবস্থায়, উপরে বর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক স্কুল নির্বাচন এবং দুর্নীতি বিরোধী বাণী সম্বলিত খাতা, জ্যামিতি বাস্তব ও স্কেল বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, দুদকের উপপরিচালক এ বিষয়ে আপনার সাথে যোগাযোগ করে উপকরণ বিতরণে সহায়তা করবেন।

০৪। দুর্নীতি দমন কমিশন এ উদ্যোগে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করে।

জেলা প্রশাসক

.....।

(আবু মোঃ মোস্তফা কামাল)

সচিব

ফোন: ৯৩৬০১১০

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (প্রশাসন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৩. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল।
৪. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয় (সকল).....(জেলা প্রশাসকের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে বর্ণিত কার্যক্রম সম্পন্ন করবেন)।
৬. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৭. কমিশনার অনুসন্ধান/তদন্ত -এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।